চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়
খুলশী, চট্টগ্রাম - ৪২০২, বাংলাদেশ

গবেষণা প্রকাশনা অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা

সময়কাল: ডিসেম্বর, ২০২০

প্রস্তুতকারক

পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ)

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

(সিভাসু)

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়
খুলশি, চট্টগ্রাম

গবেষণা প্রকাশনা অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা

১। পরিচালক (গ ও স) এর তত্ত্বাবধানে নিয়মিতভাবে গবেষণা প্রকাশনা অনুদান (Publication Grant) প্রতিযোগিতামূলকভাবে প্রদান করা হবে।

২। বছরের নির্দিষ্ট সময়ে (জানুয়ারী হতে ডিসেম্বর) প্রকাশিত গবেষণা প্রবন্ধ অথবা বুক চ্যাপ্টার অথবা বই এই তিনটি ক্যাটাগরিতে অনুদান প্রদান করা হবে।

৩। পূর্ববর্তী বছরের প্রকাশনাসমূহের প্রধান গবেষকগণ কর্তৃক পরিচালক (গ ও স) এর বরাবরে নির্ধারিত ফরমে দুই কপি অনুলিপিসহ আবেদন করবেন।

৪। পরিচালক (গ ও স) নির্ধারিত সময়ে প্রাপ্ত আবেদনসমূহ উপাচার্য মহোদয় কর্তৃক অনুমোদিত কমিটিতে উপস্থাপন করবেন।

৫। প্রকাশনা অনুদান বিষয়ে গঠিত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৬। কমিটি প্রকাশনা অনুদান প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দেবেন।

ক) প্রকাশনাটি অবশ্যই Scopus citation journal অথবা Thomson Reuters কর্তৃক প্রদত্ত Impact Factor Journal এ প্রকাশিত হতে হবে। যার মাধ্যমে Journal কে Q1, Q2, Q3 ও Q4 (Quartile) ক্যাটাগরীতে ভাগ করা যায়। প্রকাশনাটি Journal ক্যাটাগরী হিসেবে মূল্যায়ন করা হবে।

খ) জাতীয় গুরুত্বপূর্ণ ইস্যুতে গবেষণার গুরুত্ব

গ) আর্ন্তজাতিক Collaboration এর প্রমান

ঘ) নতুন তথ্য/উপাত্ত/প্রযুক্তি উদ্ভাবন (Innovativeness)

ঙ) গবেষণার বাস্তব অবদান (মাঠপর্যায়ে)

চ) সমসাময়িক প্রেক্ষাপটে প্রকাশনার উপযোগিতা/প্রায়োগিক সম্ভাবনা

ছ) স্থানীয় ও জাতীয় অর্থনৈতিক উন্নয়নে গবেষণার প্রভাব

জ) মৌলিক গবেষণার ক্ষেত্রে সম্ভাব্য ভবিষ্যত Impact বা প্রভাব

ঝ) দেশীয় প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ

ঞ) দেশী বা বিদেশী Patent এর সম্ভাবনা

ট) মানবস্বাস্থ্য ও প্রাণি স্বাস্থ্য সেবায় উদ্ভাবিত প্রযুক্তির প্রভাব

ঠ) খামার বা মাঠ পর্যায়ে প্রচলিত জ্ঞানের উৎকর্ষ সাধন বা নতুনত্ব প্রচলন

৭। জাতীয় ও আর্ন্তজাতিক পরিমন্ডলে সিভাসু এর ভাবমূর্তি উজ্জ্বল করবে এরূপ প্রকাশনাকে অগ্রাধিকার দেয়া হবে।

৮। এই অনুদান কোন পুরস্কার হিসেবে গণ্য হবে না। কেবলমাত্র প্রকাশনার আর্থিক সহায়তা হিসেবে বিবেচিত হবে।

৯। কোন MS/PhD থিসিস প্রকাশনা হিসেবে অনুদানের জন্য জমা দেয়া যাবে না। তবে থিসিস হতে প্রকাশিত প্রবন্ধ অনুদানের জন্য বিবেচিত হতে পারে।

১০। প্রকাশনার জন্য সংশ্লিষ্ট জার্নাল কর্তৃপক্ষ বরাবরে পরিশোধিত ফিস এর প্রমানপত্র আবেদনের সাথে জমা দিতে হবে।

১১। প্রয়োজনীয় বরাদ্দ থাকা সাপেক্ষে অনধিক ১০টি গবেষণা অনুদান প্রদান করা হবে। তবে এই সংখ্যা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক কম বা বেশী হতে পারে।

১২। আবেদনকারী সিভাসু এর শিক্ষক/গবেষক/কর্মকর্তা হবেন এবং প্রকাশনায় সিভাসু এর Affiliation উল্লেখ থাকতে হবে।

১৩। যৌথ গবেষণার ক্ষেত্রে প্রকাশনার সহযোগী গবেষকদের অনুমতিপত্র আবেদনের সাথে সংযুক্ত করা বাঞ্চনীয়।

১৪। প্রকাশনা অনুদানের আবেদনপত্র (ফরম নং- CVASURPA – 2020-2) পরিচালক (গ ও স) এর কার্যালয়ে অথবা সিভাসু ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৫। বছরের যে কোন সময়ে আবেদন করা যাবে। আবেদনপত্র পরিচালক (গ ও স) এর কার্যালয়ে গ্রহন করা হবে।

১৬। উপাচার্য মহোদয়ের সম্মতি সাপেক্ষে নিম্নলিখিত সদস্যবৃন্দের সমন্বয়ে প্রকাশনা অনুদান কমিটি গঠন করা যেতে পারে।

ক) উপাচার্য মহোদয় (সভাপতি)

খ) ডিন উপাচার্য মনোনীত তিন জন ডিন।

গ) দুইজন বিশিষ্ট গবেষক বহিঃ সদস্য (উপাচার্য মনোনীত ২ বৎসরের জন্য পুনরায় নির্বাচিত পূর্বক)

ঘ) কো-অর্ডিনেটর, উচ্চশিক্ষা ও গবেষণা, সিভাসু

ঙ) আই কিউ এসি, পরিচালক, সিভাসু

চ) পরিচালক (গ ও স) (সদস্য সচিব)

১৭। প্রকাশনা অনুদান হিসাবে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বৎসরে প্রদান করা হবে এবং উপরোল্লেখিত কমিটির মাধ্যমে বিতরন করা যাবে।

১৮। প্রকাশনা অনুদান আবেদনকারী বরাবর নির্দিষ্ট ব্যাংক একাউন্টে চেকের মাধ্যমে প্রদান করা হবে।

১৯। অনুদান গ্রহণের ক্ষেত্রে একাধিক আবেদনকারী থাকলে তা পুনরায় সংশ্লিষ্ট কমিটিকে অবগত করা হবে। এ বিষয়ে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০। একজন আবেদনকারী সর্বোচ্চ দুইটি প্রকাশনার অনুদানের জন্য আবেদন করতে পারবেন।

২১। পুস্তক বা বুক চ্যাপ্টারের ক্ষেত্রে আনুমানিক ব্যয় এর বিবরণ যৌক্তিকভাবে উপস্থাপন করতে হবে। এক্ষেত্রে জমা রশিদ এর প্রয়োজন নেই।

(প্রফেসর ড. পরিতোষ কুমার বিশ্বাস)
পরিচালক (ভারপ্রাপ্ত) পিআরটিসি, সিভাসু

(প্রফেসর ড. নূরুল আবছার খান)
ডিন, ফিশারীজ অনুষদ, সিভাসু

(প্রফেসর ড. মোঃ কবিরুল ইসলাম খান)
জেনেটিক্স এন্ড এনিম্যাল ব্রিডিং বিভাগ, সিভাসু

(প্রফেসর ড. শারমীন চৌধুরী)
প্যাথলজি এন্ড প্যারাসাইটোলজি বিভাগ, সিভাসু

(প্রফেসর ড. মোহাম্মদ আলমগীর হোসেন)
পরিচালক (গওস),সিভাসু

CVASURPA – 2020-2

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়
খুলশি, চট্টগ্রাম

গবেষণা প্রকাশনা অনুদানের জন্য আবেদন

১। আবেদনকারীর নাম ঃ- ______________________________

২। পদবী, বিভাগ ও অনুষদ ঃ- ______________________________

৩। গবেষণা প্রবন্ধের প্রকার ঃ- মৌলিক / প্রায়োগিক / অন্যান্য

৪। প্রকাশনার শিরোনাম ঃ- ______________________________

____

৫। পুস্তক বা বুক চ্যাপ্টার এর বিবরন ঃ- ______________________________

____

____

____

৬। প্রকাশক/সময়কাল ঃ- ______________________________

৭। প্রকাশনা প্রকাশিত Journal এর Impact Factor এবং Journal ক্যাটাগরী (প্রমান সংযুক্ত করতে হবে।) ঃ-

____

৮। গবেষণার উল্লেখ্যযোগ্য বিষয়সমূহ ঃ- (সর্বোচ্চ পাঁচটি)

ক) ______________________________

খ) ______________________________

গ) ______________________________

ঘ) ______________________________

ঙ) ______________________________

৯।	প্রকাশনার জন্য পরিশোধিত ফি ঃ- ____
(Invoice/প্রমান সংযুক্ত করুন)

১০।	জাতীয় পর্যায়ে গবেষণার সম্ভাব্য প্রভাব ঃ– (দুইটি)

১। ____

২। ____

১১।	অন্যান্য সহযোগী গবেষকদের অনুমোদন আছে কি (প্রমানপত্র সহ)? ঃ- হ্যাঁ / না

গবেষকের স্বাক্ষর ও সীল